# ফরিদপুর পৌরসভা কার্যালয়
## ফরিদপুর।
www.faridpurmunicipality.gov.bd

স্মারক নং......১৩১১; তারিখ ঃ ২২/১১/২০১৯

২১/১১/২০১৯ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১০.০০ ঘটিকায় পৌরসভার সভাকক্ষে মাননীয় মেয়র জনাব শেখ মাহ্তাব আলী মেথু সাহেবের সভাপতিত্বে অনুষ্ঠিত নভেম্বর/২০১৯ মাসের পৌর পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী।

সভায় উপস্থিত সম্মানিত কাউন্সিলরবৃন্দ ।

০১। মিসেস তৃষ্ণা সাহা
০২। মিসেস হোসনে আরা বেগম
০৩। জনাব মির্জা জাকির হোসেন
০৪। জনাব মোঃ আনিসুর রহমান চৌধুরী সাবুল
০৫। জনাব সেক মান্নান
০৬। জনাব ইদ্রিস খান
০৭। জনাব মো ঃ মাহ্ফুজুর রহমান মামুন
০৮। জনাব খোন্দকার সামসুল আরেফিন
০৯। জনাব মোঃ আঃ জলিল শেখ

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

**আলোচ্য সূচী ১ ঃ গত ২৭/১০/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত পৌর পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী পাঠান্তে অনুমোদন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ**

সভাপতির অনুমোদনক্রমে গত ২৭/১০/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনান হয়। কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো।

**আলোচ্য সূচী ০২ ঃ- বিভিন্ন ওয়ার্ডের উন্নয়নমুলক প্রকল্প অনুমোদন বিষয়ে আলোচনা ও সিদ্ধন্ত ঃ**

আগামী সভার পূর্বে কাউন্সিলর সাহেবগণ সংশ্লিষ্ট ওয়ার্ডের উন্নয়ন মূলক প্রকল্প উপস্থাপণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

**আলোচ্য সূচী ০৩ ঃ- রাস্তার নামকরনের ০৩(তিন)টি আবেদন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ**

ক) তানজিনা রহমান, পিতা- মৃতঃ মজিবর রহমান, পূর্ব আলীপুর, ফরিদপুর। তিনি পূর্ব আলীপুর মুক্তারী খানম মিনির বাড়ী হতে বাদশা মিয়ার বাড়ী পর্যন্ত আর সিসি রাস্তাটি "সাত্তার মীর" সড়ক নামে নামকরনের জন্য আবেদন করেন। আবেদনে তিনি উল্লেখ করেন উক্ত রাস্তার বেশির ভাগ জায়গা তাদের দেওয়া। স্থানীয় কাউন্সিলর শেখ আঃ জলিল সাহেব আবেদন পত্রে নামকরনের জন্য সুপারিশ করেছেন।

সভায় বর্নিত রাস্তার নামকরনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বার্নিত রাস্তার নাম "সাত্তার মীর" সড়ক নামে নামকরণের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

খ) এস এম বখতিয়ার উদ্দিন প. গোয়ালচামট, ফরিদপুর। তিনি বেতুয়াবাড়ী সড়ক ও বীর মুক্তিযুদ্ধা আয়নাল হক সড়ক এর সংযোগ সড়কটি তাহার পিতার নামে নামকরণের আবেদন করেন। আলোচনান্তে সংশ্লিষ্ট কাউন্সিলর এর তদন্ত প্রতিবেদনসহ পরবর্তী সভায় উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

গ) সুকেশ সাহা, সিংপাড়া, গোয়ালচামট, ফরিদপুর। তিনি সিংপাড়া রাস্তার সংযোগ সড়ক হতে সাত্তার মিয়ার বাড়ি পর্যন্ত আর সিসি রাস্তাটি তাহার মৃত কন্যা রিয়া সাহা সড়ক নামে নামকরনের জন্য আবেদন করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বর্নিত রাস্তাটি "রিয়া সাহা" সড়ক নামে নামকরনের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

**আলোচ্য সূচী ০৪ ঃ- জায়গা লীজের ০২(দুই)টি আবেদন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ**

(ক) আঃ মোতালেব বিশ্বাস, পিতা - আঃ মালেক বিশ্বাস, পশ্চিম খাবাসপুর, ফরিদপুর। তিনি অম্বির উদ্দিন সড়কের উত্তর পাশ কালিতলা সংলগ্ন পৌরসভার ড্রেনের পাশে অব্যবহৃত ফাকা জায়গা অর্থাৎ ১১৭নং খাবাসপুর মৌজার বি.এস ২৮৫৪ নং দাগ হতে ০৮ x ৬০ পরিমান জায়গা লীজ চেয়ে আবেদন করেন। তাহার আবেদন বিষয়ে স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর সেক মান্নান সাহেব সুপারিশ করেছেন।

উক্ত আবেদন পত্র বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে আবেদনকারীর অনুকুলে বর্নিত দাগের থেকে ০৮ x ১৫ পরিমান জায়গা ১০,০০০/- (দশ হাজার) টাকা সেলামীর (অফেরত যোগ্য) বিনিময়ে প্রচলিত শর্তে বরাদ্দ দেয়ার সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।